JUN 1 2 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃঃ ... কলাম ... ৬ ...

বেড়ায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর ১৪ টন চাল আত্মসাৎ

পাবনা জেলা সংবাদদাতা ঃ পাবনার বেড়া উপজেলায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর প্রায় ১৪ মেট্রিন টন চাল আত্মসাৎ করে কালোবাজারে বিক্রি করে দেয়া হয়েছে মর্মে এক অভিযোগ পাওয়া গেছে। ওজনে কম দিয়ে উক্ত পরিমাণ চাল আত্মসাৎ করা হয়। এ ঘটনার প্রতিবাদ করায় এটিও শামসুর রহমান ডিলারদের পোষ্য মাস্তানদের হাতে লাঞ্ছিত হন।

বেড়া উপজেলার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় ৩ হাজার ৬শ' ৭৪ জন শিক্ষার্থী রয়েছে। এর মধ্যে ৩ হাজার ৪শ' জন শিক্ষার্থীর বিপরীতে রূপপুরের ডিলার ৫২ দশমিক ১৫২ মেঃ টন এবং ঢালারচরের ডিলার ২৯ দশমিক ৪৪৮ মেঃ টন চাল গত অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর এই ৩ মাসের জন্য বরাদ্দ পায়। এই বরাদ্দকৃত চাল ফেব্রুয়ারী মাসে ৩ কিস্তিতে ২ জন ডিলার উত্তোলন করে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উত্তোলন করা চাল ঢালারচরের ডিলার মোঃ আবদুস সালাম এবং রূপপুরের ডিলার জাহিদ হোসেন মোল্লাকে মার্চ মাসের ৯, ১১ ও ১৩ তারিখে বিতরণ করার জন্য নির্দেশ দেয়।

এই চাল সঠিক ওজনে ঠিকভাবে প্রকৃত শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হচ্ছে কিনা তা দেখার জন্য সহকারী শিক্ষা অফিসার (এটিও) ইখতিয়ার আলী, নজরুল ইসলাম, সুরেশ চন্দ্র এবং শামসুর রহমানকে দায়িত্ব দেয়া হয়।

প্রত্যেক কার্ডধারী শিক্ষার্থীর প্রতি মাসের পাওনা ৮ কেজি হিসাবে ৩ মাসের পাওনা হয় ২৪ কেজি চাল। ডিলাররা জনপ্রতি ৪ থেকে ৫ কেজি ওজনে কম দিয়ে প্রায় ১৪ মেট্রিন টন চাল আত্মসাৎ করে। এই ঘটনার প্রতিবাদ করায় তদারকির দায়িত্ব প্রাপ্ত এটিও শামসুর রহমানকে ডিলারদের পোষ্য মাস্তানরা লাঞ্ছিত করে। কয়েকজন শিক্ষার্থীর অভিভাবক জানান, ইতিপূর্বে ২৯ মেট্রিন টন চাল আত্মসাতের ঘটনায় উপজেলা নির্বাহী অফিসার দোষী ডিলারদের বিরুদ্ধে [illegible] ও ১৪ মেঃ টন চাল আত্মসাৎ করে এবং তদারকির দায়িত্বপ্রাপ্তকে লাঞ্ছিত করার সাহস দেখায়।